

চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ৩৭ তারিখঃ ৮ আগস্ট ২০১৭ মঙ্গলবার

ফিজিওথেরাপি পেশার নেতৃবৃন্দের সাথে বৈঠক



আজ আইইডিসিআর-এ ফিজিওথেরাপি পেশার নেতৃবৃন্দের সাথে আইইডিসিআর পরিচালক অধ্যাপক মীরজাদী সের্বিনা ফ্লোরা ও অন্যান্যরা বৈঠকে মিলিত হন। চিকুনগুনিয়া ও তার পরবর্তী আর্থ্রালজিয়া/আর্থ্রাইটিস ব্যবস্থাপনা নিয়ে আইইডিসিআর-এর উদ্যোগে বিশেষজ্ঞদের প্রণীত নির্দেশিকা নিয়ে আলোচনা করা হয় এ বৈঠকে। চিকুনগুনিয়া জ্বর পরবর্তী গিরা ব্যথা প্রশমনে ফিজিওথেরাপি বিষয়ে জনসাধারণের কাছে সহজবোধ্য একটি নির্দেশিকার খসড়া প্রণয়নের জন্য উপস্থিত নেতৃবৃন্দের কাছে আইইডিসিআর পরিচালক অনুরোধ জানান। বৈঠকে উপস্থিত ছিলেন আইইডিসিআর-এর উপদেষ্টা ড. মুশতাক হোসেন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ডা. এ এস এম আলমগীর, ফিজিওথেরাপি নেতা জনাব দলিলুর রহমান, নজরুল ইসলাম, নাসিরুল ইসলাম, শাহাদাৎ হোসেন, মো. মহিউদ্দিন, মহসিন কবির, জাকারিয়া ফারুক, মো. ফরিদউদ্দিন, মো. আজিজুল ইসলাম প্রমুখ।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র কীটতত্ত্ব পরামর্শক নরসিংদীতে




বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডাব্লুএইচও) দক্ষিণ-পূর্ব এশিয়া কার্যালয় হতে আগত কীটতত্ত্ব পরামর্শক মি. কে. কৃষ্ণমূর্তি আজ নরসিংদী সফর করেছেন। বাংলাদেশের জন্য একটি সমন্বিত ভেক্টর ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্যে তিনি বাংলাদেশের কীটতত্ত্ববিদ,

রোগতত্ত্ববিদ ও অন্যান্যদের সাথে কাজ করছেন এবং মাঠ পর্যায়ে কর্মতৎপরতা প্রত্যক্ষ করছেন। তারই অংশ হিসেবে তিনি আজ নরসিংদী সফরে এসে জেলার সিভিল সার্জন ডা. সুলতানা রাজিয়া ও অন্যান্য চিকিৎসক-কর্মকর্তার সাথে বৈঠকে মিলিত হন। তিনি নরসিংদী জেলা হাসপাতালে যান এবং হাসপাতাল হতে আইইডিসিআর-এ চিকুনগুনিয়া রোগের তথ্য প্রেরণ পদ্ধতি সম্পর্কে অবহিত হন। তিনি মেয়র কার্যালয়ে পৌরসভার কর্মকর্তাদের সাথে আলোচনা করেন। এরপর তিনি এডিস মশার সন্ধানে নরসিংদী পৌর এলাকা ও শিবপুরের গ্রামাঞ্চলে যান। শহর ও গ্রাম উভয় স্থানেই এডিস অ্যারবোপিকটাস মশার লার্ভা সনাক্ত করেন মি. কৃষ্ণমূর্তি ও তাঁর সহযোগীগণ। তাঁর সফরসঙ্গি ছিলেন আইইডিসিআর-এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ডা. কাজী আহমেদ জাকি, নরসিংদী জেলা হাসপাতালের আবাসিক মেডিক্যাল অফিসার ডা. এ এন এম মিজানুর রহমান ও অন্যান্যরা।

চিকুনগুনিয়া সর্বশেষ পরিস্থিতি

- চিকুনগুনিয়া নজরদারি (surveillance) কার্যক্রমের অংশ হিসেবে সম্ভাব্য রোগীদের আইইডিসিআর-এ আর-টি পিসিআর পরীক্ষা করা হচ্ছে। গত ৯ এপ্রিল হতে ৭ আগস্ট ২০১৭ পর্যন্ত আইইডিসিআর-এ প্রাপ্ত রক্তের নমুনা পরীক্ষায় নিশ্চিত চিকুনগুনিয়ায় আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৯২৯ জনে।
- গত ১২ মে হতে অদ্যাবধি ঢাকা মহানগরের বিভিন্ন সরকারী ও বেসরকারী হাসপাতালে চিকিৎসা নেয়া সম্ভাব্য চিকুনগুনিয়া ও চিকুনগুনিয়া পরবর্তী আর্থ্রালজিয়া রোগীর সংখ্যা ৯,৮০৬ জন। যারা তথ্য দিচ্ছেনঃ আইইডিসিআর, সরকারী মেডিক্যাল কলেজ হাসপাতাল সমূহ (ঢাকা, মিটফোর্ড, সোহরাওয়ার্দী, মুগদা), বেসরকারী হাসপাতালসমূহ (ঢাকা শিশু, ইউনাইটেড, এপোলো, ডেল্টা, শহীদ মনসুর আলী ও অন্যান্য) এবং চিকিৎসকের চেম্বার।



- আইইডিসিআর হটলাইনে ঢাকা সহ সারা দেশ থেকে গত ৬ জুলাই থেকে ৮ আগস্ট বিকেল ৫টা পর্যন্ত সর্বমোট ফোনকল এসেছে ৩৩৯৫টি। এর মধ্যে সম্ভাব্য নতুন রোগী ১১৫৪ জন ও পুরোনো রোগী ১৫৫৯ জন। অবশিষ্ট ৬৮২ জন ফোনকলকারীগণ চিকুনগুনিয়া সম্পর্কিত বিভিন্ন তথ্য জানতে চেয়েছেন।

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।